

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট  
ক্লিনিক ভবন, বিসিএসআইআর কমপ্লেক্স  
ধানমন্ডি, ঢাকা।

নং: ৩৯.০০.০০০০.০০০.২৫.০০৩.১৭.

তারিখ: ০৪ মে ১৪২৪  
১৭ জানুয়ারি ২০১৮

ফেলোশিপ বিজ্ঞপ্তি

বিষয় : ২০১৭-১৮ অর্থ বছরে দ্বিতীয় দফায় বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট এর আওতায় শুধুমাত্র বিজ্ঞান এবং প্রযুক্তি বিষয়ে উচ্চতর শিক্ষায় (এমএস, পিএইচডি, পিএইচডি উত্তর) ফেলোশিপের আবেদন আহ্বান।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের আওতায় বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে দেশে-বিদেশে উচ্চতর শিক্ষায় (এমএস, পিএইচডি, পিএইচডি উত্তর) ফেলোশিপ প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত ও নীতিমালা অনুযায়ী নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

- (১) বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের ন্যূনতম ৩টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে অথবা সিজিপিএ ৩.০০ (ক্লেই ৪.০ এর ক্ষেত্রে) এবং সিজিপিএ ৪.০০ (ক্লেই-৫.০০ এর ক্ষেত্রে) অথবা ৬০% বা তড়ুর্ঘ নম্বর থাকতে হবে এবং কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি বা সমতুল্য গ্রহণযোগ্য হবে না।
- (২) দেশে ডক্টরাল ও পোস্ট ডক্টরাল কোর্সে বাংলাদেশের খ্যাতিমান পাবলিক বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নের জন্য ফেলোশিপ প্রদান করা হবে এবং বিদেশে এমএস/সমমান ও ডক্টরাল কোর্সে এশিয়া ও ইউরোপ মহাদেশের বিভিন্ন দেশে এবং অস্ট্রেলিয়ার বিভিন্ন বিশ্ববিদ্যালয়/ইনসিটিউটে অধ্যয়নের জন্য ফেলোশিপ প্রদান করা হবে। তবে যে সকল দেশের সঙ্গে বাংলাদেশের সরাসরি আর্থিক লেনদেন নেই সে সকল দেশে অধ্যয়নের জন্য আবেদন গ্রহণযোগ্য হবে না।
- (৩) আবেদন জমাদানের শেষ তারিখে বয়স এমএস (বিদেশে) কোর্সের ক্ষেত্রে অনুর্ধ্ব ৪০ বছর, ডক্টরাল (দেশে ও বিদেশে) কোর্সের ক্ষেত্রে অনুর্ধ্ব ৪৪ বছর, পোস্ট ডক্টরাল (দেশে) কোর্সের ক্ষেত্রে অনুর্ধ্ব ৪৮ বছর হতে হবে।
- (৪) যারা এমএস (বিদেশে), ডক্টরাল (দেশে ও বিদেশে), পোস্ট ডক্টরাল (দেশে) কোর্সে ভর্তি হয়েছেন/ ভর্তির অফার পেয়েছেন কিন্তু আর্থিক অনুদানের অভাবে শিক্ষাজীবন আরম্ভ করতে পারছেন না তাদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- (৫) মাতকোতৰ পর্যায়ে ইংরেজিতে অভিসন্দর্ভ রচনার পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে।
- (৬) কম্পিউটার সম্পর্কে Microsoft Office, E-mail, Internet Browsing এ অভিজ্ঞতা রয়েছে, দেশি/বিদেশি জার্নালে গবেষণামূলক প্রকাশ করেছেন এবং বিবাহিত প্রার্থী যাদের অনধিক ২ সন্তান রয়েছে এমন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
- (৭) ট্রাস্ট অফিস হতে ফেলোশিপের আবেদন ফরম সংগ্রহ করা যাবে অথবা বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইট ([www.most.gov.bd](http://www.most.gov.bd)) হতেও ডাউনলোড করা যাবে।
- (৮) মনোনীত প্রার্থীদের সর্বোচ্চ দুই বছর মেয়াদি এমএস (বিদেশে)/চার বছর মেয়াদি ডক্টরাল (দেশে ও বিদেশে)/এক বছর মেয়াদি পোস্ট ডক্টরাল (দেশে) কোর্সের জন্য ফেলোশিপ প্রদান করা হবে এবং ছয়মাস অন্তর-অন্তর কাজের অগ্রগতি মূল্যায়ন করা হবে।
- (৯) ট্রাস্ট কর্তৃক গঠিত একটি কমিটি প্রার্থীদের দরখাস্ত বিবেচনা করে নির্বাচনের সুপারিশ করবে, যা এওয়ার্ড কমিটি চূড়ান্ত করবে।
- (১০) নির্বাচিত ফেলোর গ্যারান্টরিগণ এই মর্মে ৩০০ টাকার ননজুড়িশিয়াল স্ট্যাম্পে বড় প্রদান করবেন যে, ডিগ্রি লাভের পর ফেলো নিজ দেশের সরকারি অথবা কোন সংস্থায় চাকুরি/ সেবা প্রদান করবেন। শর্ত ভঙ্গকারী ফেলোদের বিরুদ্ধে অর্থ আদায়সহ আইনানুগ ও বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (১১) মনোনীত প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে উপযুক্ত হতে হবে।
- (১২) মনোনীত প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে উপযুক্ত হতে হবে।
- (১৩) সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ, পরীক্ষার মার্কশিট/গ্রেড পয়েন্ট এর সত্যায়িত কপি, ভর্তির অফার লেটার, সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের গবেষণা কর্মের সুপারভাইজার এর মতামতসহ পূরণকৃত আবেদনপত্র আগামী ২৫-০২-২০১৮ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট (প্রধান নির্বাহী কর্মকর্তা, বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (BCSIR), ক্লিনিক ভবন, ৩৪, ডঃ কুদ্রত-ই খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫) রেজিস্ট্রার্ড ডাকযোগে বা সরাসরি পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হবে না।
- (১৪) দেশে অধ্যয়নরত প্রার্থীগণ স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের মাধ্যমে (অথবা বিভাগীয় প্রধানের মাধ্যমে) আবেদন করবেন এবং সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করবেন।
- (১৫) কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন/পরিবর্ধন এবং যে কোন ফেলোর আবেদন বিবেচনা/বাতিলের নিরঙুশ ক্ষমতা সংরক্ষণ করেন।
- (১৬) ফেলোশিপ প্রদান সম্পর্কিত নীতিমালাটি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেখা যাবে।

মোহাম্মদ আবদুল মাননী

প্রধান নির্বাহী কর্মকর্তা

বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট

ফোন-৯৫৭৪৮৮৭

> ১.১.১